

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ الله عَنهُمَا قَالَ: قَدِمَ عُينْنَةُ بْنُ حِصْنٍ فَنَزَلَ عَلَى ابْنِ أَخِيهِ الحُرِّ بِنِ قَيسٍ، وَكَانَ مِنَ النَّفَرِ الَّذِينَ يُدْنِيهِمْ عُمَرُ وَكَانَ القُرَّاءُ أَصْحَابَ مَجْلِس عُمَرَ وَكَانَ وَمُشَاوَرَتِهِ كُهُولاً كَانُوا أَوْ شُبَّاناً فَقَالَ عُينْنَةُ لابْنِ أَخِيهِ : يَا ابْنَ أَخِي لَكَ وَجْهٌ عِنْدَ هَذَا لأَمِيرِ فَاسْتَأْذِنْ لِي عَلَيهِ، فاسْتَأْذَن فَأَذِنَ لَهُ عُمَرُ فَلَمَّا دَخَلَ قَالَ: هِي يَا ابنَ الخَطَّابِ، فَواللهِ مَا تُعْطِينَا الْجَزْلَ وَلا تَحْكُمُ فِينَا بالعَدْلِ فَغَضِبَ عُمَرُ حَتَّى هَمَّ أَنْ يُوقِعَ بِهِ فَقَالَ لَهُ الحُرُّ : يَا أَمِيرَ المُؤْمِنِينَ إِنَّ الله تَعَالٰى قَالَ لِنَبيّهِ وَيَالًى فَالْ لِنَبيّهِ وَيَالًى وَاللهِ مَا جَاوَزَها عُمَرُ جِينَ وَاللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ وَاللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ تَلاهَا وكَانَ وَقَافًا عِنْدَ كِتَابِ اللهِ تَعَالٰى رواه البخاري

বাংলা

(৩৫৪৪) ইবনে আব্বাস বর্ণনা করেন যে, উয়াইনাহ ইবনে হিন্ন এলেন এবং তাঁর ভাতিজা হুর্র ইবনে কাইসের কাছে অবস্থান করলেন। এই (হুর্র) উমার (রাঃ) এর খেলাফত কালে ঐ লোকগুলির মধ্যে একজন ছিলেন যাদেরকে তিনি তাঁর নিকটে রাখতেন। আর কুরআন-বিশারদগণ বয়স্ক হন অথবা যুবক দল তাঁরা উমার (রাঃ) এর সভাষদ ও পরামর্শদাতা ছিলেন। উয়াইনাহ তাঁর ভাতিজাকে বললেন, 'হে আমার ভ্রাতুম্পুত্র! এই খলীফার কাছে তোমার বিশেষ সম্মান রয়েছে। তাই তুমি আমার জন্যে তাঁর সঙ্গে সাক্ষাৎ করার অনুমতি চাও।' ফলে তিনি অনুমতি চাইলেন। সুতরাং উমার তাকে অনুমতি দিলেন। অতঃপর যখন উয়াইনাহ ভিতরে প্রবেশ করলেন, তখন উমার (রাঃ) কে বললেন, 'হে ইবনে খাত্বাব! আল্লাহর কসম! আপনি আমাদেরকে পর্যাপ্ত দান দেন না এবং আমাদের মধ্যে ন্যায় বিচার করেন না!'

(এ কথা শুনে) উমার (রাঃ) রাগান্বিত হলেন। এমনকি তাকে মারতে উদ্যত হলেন। তখন হুর্র তাঁকে বললেন, 'হে আমীরুল মু'মেনীন! আল্লাহ তাআলা তাঁর নবীকে বলেন, ''তুমি ক্ষমাশীলতার পথ অবলম্বন কর। ভাল কাজের আদেশ প্রদান কর এবং মূর্খিদিগকে পরিহার ক'রে চল।" (সূরা আল আ'রাফ ১৯৮) আর এ এক মূর্খ।' আল্লাহর কসম! যখন তিনি (হুর্র) এই আয়াত পাঠ করলেন, তখন উমার (রাঃ) একটুকুও আগে বাড়লেন না। আর তিনি



আল্লাহর কিতাবের কাছে (অর্থাৎ, তাঁর নির্দেশ শুনে) সত্বর থেমে যেতেন।

ফুটনোট

(বুখারী ৪৬৪২, ৭২৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=67292}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন